# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা ২০/২০১৮-১৯**

**ঢাকা, বৃহস্পতিবার, ২৬ জুলাই ২০১৮, ১১ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মাঠ প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা চালু করতে হবে : জেলা প্রশাসকদের প্রতি রাষ্ট্রপতি

২। শিক্ষিত জনগোষ্ঠী গড়ার ওপর গুরুত্বারোপ করতে হবে
কৃতী শিক্ষার্থীদের পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। জার্মানির রাষ্ট্রদূতের প্রতি ই-পাসপোর্ট প্রকল্প দ্রুত বাস্তবায়নের আহ্বান প্রধানমন্ত্রীর

৪। চিনিকলে আখ সরবরাহ নিশ্চিত করতে জেলা প্রশাসকদের প্রতি শিল্পমন্ত্রীর নির্দেশনা

৫। সরকারি সহায়তা ও প্রণোদনার কারণে কৃষিতে আশাতীত উৎপাদন হয়েছে
জেলা প্রশাসক সম্মেলনে কৃষিমন্ত্রী

৬। জনপ্রতিনিধি ও ডিসিদের মধ্যে দ্বন্দ্ব নেই : গণমাধ্যমকে এলজিআরডি মন্ত্রী

৭। ভিআইপি ও মন্ত্রীদের প্রটোকল কমাতে জেলা প্রশাসকদের নির্দেশ দিলেন সেতুমন্ত্রী

৮। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল হবে পাঁচ হাজার শয্যার : স্বাস্থ্যমন্ত্রী

৯। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রীর বৈঠক
রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার আহ্বান

১০। প্রবাসীদের বৈধপথে রেমিট্যান্স পাঠানোর আহ্বান প্রবাসীকল্যাণমন্ত্রীর

১১। দেশে পঞ্চম প্রজন্মের (ফাইভ জি) মোবাইল ফোন সেবা চালু করা হবে
প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা

১২। বড়পুকুরিয়া কয়লাখনির বিষয়ে পেট্রোবাংলার প্রতিবেদন নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বিদ্যুৎ প্রতিমন্ত্রীর বৈঠক

চলমান পাতা-২

১। **মাঠ প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা চালু করতে হবে : জেলা প্রশাসকদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের প্রতি মাঠ প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতার সংস্কৃতি চালু করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, ব্যক্তিগত চাওয়া-পাওয়া বাদ দিয়ে জনগণের কল্যাণকে অগ্রাধিকার দিতে হবে। রাষ্ট্রপতি বলেন, জনগণ যাতে সরকারি সেবা নিতে গিয়ে কোনো হয়রানির শিকার না হয় তাও নিশ্চিত করতে হবে। গতকাল (২৫ জুলাই বুধবার) বঙ্গভবনে দেশের সব বিভাগ ও জেলার প্রশাসনিক প্রধানদের উদ্দেশে রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

২। **শিক্ষিত জনগোষ্ঠী গড়ার ওপর গুরুত্বারোপ করতে হবে**
**কৃতী শিক্ষার্থীদের পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের উত্তরণের ধারাবাহিকতা বজায় রাখতে এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ প্রতিষ্ঠা করতে শিক্ষিত জনগোষ্ঠী গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী গতকাল (২৫ জুলাই বুধবার) তেজগাঁওস্থ কার্যালয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের মাঝে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭' বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত এ অনুষ্ঠানে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের **১ম** স্থান অধিকারকারী **১৬৩** জন শিক্ষার্থীর মাঝে স্বর্ণপদক বিতরণ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

৩। **জার্মানির রাষ্ট্রদূতের প্রতি ই-পাসপোর্ট প্রকল্প দ্রুত বাস্তবায়নের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের নাগরিকদের জন্য মেশিন রিডেবল পাসপোর্টের (এমআরপি) পাশাপাশি ইলেক্ট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) ইস্যুর জন্য দ্রুত ই-পাসপোর্ট প্রকল্প বাস্তবায়নে জার্মানির প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৫ জুলাই বুধবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে ঢাকায় নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ড. টমাস এইনরিচ প্রিনজের বিদায়ী সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৪। **চিনিকলে আখ সরবরাহ নিশ্চিত করতে জেলা প্রশাসকদের প্রতি শিল্পমন্ত্রীর নির্দেশনা**

আগামী আখ মাড়াই মৌসুমে চিনিকল এলাকায় গুড় তৈরির উদ্দেশ্যে যাতে কেউ আখ মাড়াই করতে না পারে, সেজন্য জেলাপ্রশাসকদের নির্দেশনা দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। চিনিকলগুলোতে আখের সরবরাহ নিশ্চিত করতেই এ নির্দেশনা। একইসঙ্গে যেসব জেলায় বিসিক শিল্পনগরী ও শিল্প পার্ক স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে, সেখানে জমি অধিগ্রহণে জেলা প্রশাসকদের সহায়তা চান তিনি। গতকাল (২৫ জুলাই বুধবার) ডিসি সম্মেলনে শিল্পমন্ত্রী এসব নির্দেশনা দেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **বণিক বার্তা** (পৃ.১২,ক.১)।

৫। **সরকারি সহায়তা ও প্রণোদনার কারণে কৃষিতে আশাতীত উৎপাদন হয়েছে**
**জেলা প্রশাসক সম্মেলনে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে কৃষিবান্ধব নীতি গ্রহণের ফলে নতুন নতুন কৃষি-প্রযুক্তি এবং গবেষণালব্ধ ফলাফল মাঠ পর্যায়ে সম্প্রসারিত হয়েছে। বিভিন্ন কৃষি উপকরণ তথা সার, বীজ ও সেচখাতে সরকারি সহায়তা ও প্রণোদনা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর ফলে কৃষি উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ফলে সদ্যসমাপ্ত অর্থবছরে চাল, গম, ভুট্টা, পেঁয়াজ, শাকসবজি এবং পাটের আশাতীত উৎপাদন হয়েছে। দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। কৃষিতে সফল বাংলাদেশ আজ বিশ্বে ধান উৎপাদনে চতুর্থ, আলু উৎপাদন এবং সবজি উৎপাদনে তৃতীয় স্থান অর্জন করেছে। গতকাল (২৫ জুলাই বুধবার) মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে জেলা প্রশাসক সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬)।

৬। **জনপ্রতিনিধি ও ডিসিদের মধ্যে দ্বন্দ্ব নেই : গণমাধ্যমকে এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, সরকারের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে স্থানীয় জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের মধ্যে কোনো দ্বন্দ্ব নেই। মাঝে মধ্যে মতপার্থক্য দেখা দিলেও সেটি বড় কিছু নয়। তাই কাজে কোনো সমন্বয়হীনতা নেই। গতকাল (২৫ জুলাই বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত কার্যঅধিবেশন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫)।

**৭। ভিআইপি ও মন্ত্রীদের প্রটোকল কমাতে জেলা প্রশাসকদের নির্দেশ দিলেন সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ভিআইপি ও মন্ত্রীদের প্রটোকল কমিয়ে কাজ করতে জেলা প্রশাসকদের প্রতি নির্দেশনা দিয়েছেন। গতকাল (২৫ জুলাই বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ কক্ষে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের দ্বিতীয় দিনের সপ্তম কার্যঅধিবেশন শেষে মন্ত্রী এ নির্দেশনা দেন। গতবারের দৃষ্টান্ত অনুসরণ করে ঈদ-উল-ফিতরের মতো মানুষ যাতে স্বস্তিতে বাড়ি যেতে পারে, আবার স্বস্তিতে কর্মস্থলে ফিরে আসতে পারে, সেজন্য যানজটের কারণগুলো দূরীকরণে ডিসিদের চেষ্টা অব্যাহত রাখতেও নির্দেশ দেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**৮। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল হবে পাঁচ হাজার শয্যার : স্বাস্থ্যমন্ত্রী**

প্রয়োজনীয় সেবা দিতে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) ও হাসপাতালকে পাঁচ হাজার শয্যায় উন্নীত করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (২৫ জুলাই বুধবার) ঢামেক হাসপাতালে নতুন চারটি ইমার্জেন্সি অপারেশন থিয়েটার, সার্জিক্যাল এইচডিইউ এবং ট্রান্সফিউশন মেডিসিন বিভাগে উন্নত যন্ত্রপাতির উদ্বোধন অনুষ্ঠানে তিনি আরও বলেন, এ হাসপাতালে জরুরি অপারেশন বিনামূল্যে সম্পন্ন করাসহ অন্যসব অপারেশন নামমাত্র মূল্যে করার উদ্যোগ নিয়েছে সরকার। প্যাথলজিক্যাল পরীক্ষা এক শিফটের পরিবর্তে দুই শিফটে এবং জরুরি পরীক্ষাগুলো সার্বক্ষণিক সম্পন্ন করার ব্যবস্থা নেওয়া হবে। জরুরি বিভাগের সেবার মান আরও বাড়ানোর নির্দেশ দিয়ে মন্ত্রী বলেন, শুধু আধুনিক অবকাঠামো হলেই হবে না, সেবার মান বাড়াতে হবে এবং সেটাই গুরুত্বপূর্ণ। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.৫)।

**৯। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রীর বৈঠক**
**রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার আহ্বান**

রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এবং যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী জন জে সুলিভানের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ প্রতিশ্রুতি দেন সুলিভান। গতকাল (২৫ জুলাই বুধবার) ওয়াশিংটন ডিসিতে স্টেট ডিপার্টমেন্টে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এসময় রোহিঙ্গাদের বিষয়ে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেন যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী রোহিঙ্গাদের নিরাপদে ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে যুক্তরাষ্ট্রের সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১০। প্রবাসীদের বৈধপথে রেমিট্যান্স পাঠানোর আহ্বান প্রবাসীকল্যাণমন্ত্রীর**

প্রবাসী বাংলাদেশিদের বৈধপথে রেমিট্যান্স পাঠানোসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য হওয়ার আহ্বান জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, প্রবাসী বাংলাদেশিরা তাঁদের কষ্টার্জিত রেমিট্যান্স দেশে প্রেরণ করছে। তাই দেশ আজ উন্নয়নশীল দেশের কাতারে শামিল হয়েছে। দেশের আর্থসামাজিক উন্নয়নে প্রবাসীরা যে অবদান রাখছে, তা দেশের জনগণ হৃদয় দিয়ে মনে রাখবে। একইসঙ্গে অচিরেই জুরিখে কনস্যুলেট সেবা প্রদান করা হবে বলে জানান তিনি। সম্প্রতি সুইজারল্যান্ডের জুরিখের একটি কমিউনিটি হলে সুইজারল্যান্ড আওয়ামী লীগের আয়োজনে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৫)।

**১১। দেশে পঞ্চম প্রজন্মের (ফাইভ জি) মোবাইল ফোন সেবা চালু করা হবে**
**প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা**

দেশে পঞ্চম প্রজন্মের (ফাইভ জি) মোবাইল ফোন সেবা চালু করার প্রতিশ্রুতি দিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। গতকাল (২৫ জুলাই বুধবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে 'বাংলাদেশ ফাইভ জি সামিট' নামে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মোবাইল অপারেটর রবি'র সহায়তায় এ অনুষ্ঠানে বাংলাদেশে প্রথমবারের মত ফাইভ জি প্রযুক্তি প্রদর্শন করে হুয়াওয়ে। সজীব ওয়াজেদ জয় এ প্রদর্শনীর উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১২। বড়পুকুরিয়া কয়লাখনির বিষয়ে পেট্রোবাংলার প্রতিবেদন নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বিদ্যুৎ প্রতিমন্ত্রীর বৈঠক**

বড়পুকুরিয়া কয়লাখনি দুর্নীতির প্রতিবেদন নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (২৫ জুলাই বুধবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ

বৈঠকে বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। তদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার পর প্রতিমন্ত্রী সাংবাদিকদের বলেন, বড়পুকুরিয়া খনির কয়লা খোয়া যাওয়ার ঘটনায় দায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **সংবাদ, যুগান্তর, নিউজ টুডে, ডেইলি সান** : প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস, চাঁদাবাজি, টেন্ডারবাজি, পেশিশক্তি ও মাদক নির্মূলে কঠোর ব্যবস্থা নিতে জেলা প্রশাসকদের যে নির্দেশনা দিয়েছেন, তা যথাযথভাবে বাস্তবায়িত হলে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** সড়ক দুর্ঘটনায় প্রতিদিন গড়ে ২৪ জনের মৃত্যু হচ্ছে-বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির দেওয়া তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে সড়কপথে শৃঙ্খলা ফিরিয়ে আনার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** সারাদেশের হাজার হাজার কিলোমিটার সড়কের বেহাল দশার কথা উল্লেখ করে এর জন্য দায়ী কারণগুলো অবিলম্বে খুঁজে বের করে সড়ক সংস্কারের দাবি।

ঘ. **যায়যায়দিন, সংবাদ :** মাত্র ৫৪ মিলিমিটার বৃষ্টিতেই পানির নিচে তলিয়ে যায় ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এলাকা উল্লেখ করে জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও তার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ভোরের কাগজ, যুগান্তর :** প্রবল বর্ষণে পাহাড় ধসে কক্সবাজারে চার ভাইবোনসহ ৫ জনের মৃত্যুর খবরে উদ্বেগ প্রকাশ করে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের উচ্ছেদ ও পুনর্বাসনে সংশ্লিষ্টদের এগিয়ে আসার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** আবহাওয়ার বিরূপ প্রভাব মোকাবিলায় প্রয়োজনীয় বনায়নের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান।

ছ. **ডেইলি সান** : শিক্ষার্থীদের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭' প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শিক্ষার ব্যয় খরচ নয়, বিনিয়োগ বলে যে অভিমত প্রকাশ করেছেন তা যথার্থ বলে উল্লেখ করে আজকের শিক্ষার্থীরা দেশকে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তুলবে বলে প্রত্যাশা ব্যক্ত।

জ. **ডেইলি স্টার, নিউ এজ, প্রথম আলো, সমকাল, বণিক বার্তা :** দেশের সব প্রাইভেট ক্লিনিক, হাসপাতাল ও ডায়াগনোস্টিক সেন্টারগুলোতে জনস্বার্থে প্রকাশ্যে সেবার মূল্যতালিকা প্রদর্শনের ব্যাপারে হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রয়োগের সুপারিশ।

ঝ. **অবজারভার :** দেশের হাওর ও উপকূলীয় অঞ্চলের জনগোষ্ঠীর অপুষ্টি দূরীকরণে স্থানীয় প্রশাসন ও বিভিন্ন উন্নয়ন সংস্থাকে ব্যাপক জনসচেতনতামূলক প্রচারণার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**বণিকবার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দরিদ্র ও মধ্যবিত্তের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারী ও কিশোরীদের স্বাস্থ্যসেবা এবং দক্ষতা নিশ্চিত প্রয়োজন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আজ যারা কিশোরী কাল তারা মা এবং নারী। তাঁদের ক্ষমতায়ন মানে দেশের জনগোষ্ঠীর বৃহত্তর অংশের উন্নয়ন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা ২০/২০১৮-১৯**

**ঢাকা, বুধবার, ২৬ জুলাই ২০১৮, ১১ শ্রাবণ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মাঠ প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা চালু করতে হবে : জেলা প্রশাসকদের প্রতি রাষ্ট্রপতি

২। শিক্ষিত জনগোষ্ঠী গড়ার ওপর গুরুত্বারোপ করতে হবে
কৃতী শিক্ষার্থীদের পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৩। জার্মানির রাষ্ট্রদূতের প্রতি ই-পাসপোর্ট প্রকল্প দ্রুত বাস্তবায়নের আহ্বান প্রধানমন্ত্রীর

৪। চিনিকলে আখ সরবরাহ নিশ্চিত করতে জেলা প্রশাসকদের প্রতি শিল্পমন্ত্রীর নির্দেশনা

৫। সরকারি সহায়তা ও প্রণোদনার কারণে কৃষিতে আশাতীত উৎপাদন হয়েছে
জেলা প্রশাসক সম্মেলনে কৃষিমন্ত্রী

৬। জনপ্রতিনিধি ও ডিসিদের মধ্যে দ্বন্দ্ব নেই : গণমাধ্যমকে এলজিআরডি মন্ত্রী

৭। ভিআইপি ও মন্ত্রীদের প্রটোকল কমাতে জেলা প্রশাসকদের নির্দেশ দিলেন সেতুমন্ত্রী

৮। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল হবে পাঁচ হাজার শয্যার : স্বাস্থ্যমন্ত্রী

৯। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রীর বৈঠক
রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার আহ্বান

১০। প্রবাসীদের বৈধপথে রেমিট্যান্স পাঠানোর আহ্বান প্রবাসীকল্যাণমন্ত্রীর

১১। দেশে পঞ্চম প্রজন্মের (ফাইভ জি) মোবাইল ফোন সেবা চালু করা হবে
প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা

১২। বড়পুকুরিয়া কয়লাখনির বিষয়ে পেট্রোবাংলার প্রতিবেদন নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বিদ্যুৎ প্রতিমন্ত্রীর বৈঠক

চলমান পাতা-২

**১। মাঠ প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা চালু করতে হবে : জেলা প্রশাসকদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের প্রতি মাঠ প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতার সংস্কৃতি চালু করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, ব্যক্তিগত চাওয়া-পাওয়া বাদ দিয়ে জনগণের কল্যাণকে অগ্রাধিকার দিতে হবে। রাষ্ট্রপতি বলেন, জনগণ যাতে সরকারি সেবা নিতে গিয়ে কোনো হয়রানির শিকার না হয় তাও নিশ্চিত করতে হবে। গতকাল (২৫ জুলাই বুধবার) বঙ্গভবনে দেশের সব বিভাগ ও জেলার প্রশাসনিক প্রধানদের উদ্দেশে রাষ্ট্রপতি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

**২। শিক্ষিত জনগোষ্ঠী গড়ার ওপর গুরুত্বারোপ করতে হবে**
**কৃতী শিক্ষার্থীদের পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের উত্তরণের ধারাবাহিকতা বজায় রাখতে এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দেশ প্রতিষ্ঠা করতে শিক্ষিত জনগোষ্ঠী গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী গতকাল (২৫ জুলাই বুধবার) তেজগাঁওস্থ কার্যালয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষার্থীদের মাঝে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭' বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত এ অনুষ্ঠানে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের **১ম** স্থান অধিকারকারী **১৬৩** জন শিক্ষার্থীর মাঝে স্বর্ণপদক বিতরণ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৩। জার্মানির রাষ্ট্রদূতের প্রতি ই-পাসপোর্ট প্রকল্প দ্রুত বাস্তবায়নের আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের নাগরিকদের জন্য মেশিন রিডেবল পাসপোর্টের (এমআরপি) পাশাপাশি ইলেক্ট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) ইস্যুর জন্য দ্রুত ই-পাসপোর্ট প্রকল্প বাস্তবায়নে জার্মানির প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৫ জুলাই বুধবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে ঢাকায় নিযুক্ত জার্মান রাষ্ট্রদূত ড. টমাস এইনরিচ প্রিনজের বিদায়ী সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**৪। চিনিকলে আখ সরবরাহ নিশ্চিত করতে জেলা প্রশাসকদের প্রতি শিল্পমন্ত্রীর নির্দেশনা**

আগামী আখ মাড়াই মৌসুমে চিনিকল এলাকায় গুড় তৈরির উদ্দেশ্যে যাতে কেউ আখ মাড়াই করতে না পারে, সেজন্য জেলাপ্রশাসকদের নির্দেশনা দিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। চিনিকলগুলোতে আখের সরবরাহ নিশ্চিত করতেই এ নির্দেশনা। একইসঙ্গে যেসব জেলায় বিসিক শিল্পনগরী ও শিল্প পার্ক স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে, সেখানে জমি অধিগ্রহণে জেলা প্রশাসকদের সহায়তা চান তিনি। গতকাল (২৫ জুলাই বুধবার) ডিসি সম্মেলনে শিল্পমন্ত্রী এসব নির্দেশনা দেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **বণিক বার্তা** (পৃ.১২,ক.১)।

**৫। সরকারি সহায়তা ও প্রণোদনার কারণে কৃষিতে আশাতীত উৎপাদন হয়েছে**
**জেলা প্রশাসক সম্মেলনে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে কৃষিবান্ধব নীতি গ্রহণের ফলে নতুন নতুন কৃষি-প্রযুক্তি এবং গবেষণালব্ধ ফলাফল মাঠ পর্যায়ে সম্প্রসারিত হয়েছে। বিভিন্ন কৃষি উপকরণ তথা সার, বীজ ও সেচখাতে সরকারি সহায়তা ও প্রণোদনা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর ফলে কৃষি উৎপাদন ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ফলে সদ্যসমাপ্ত অর্থবছরে চাল, গম, ভুট্টা, পেঁয়াজ, শাকসবজি এবং পাটের আশাতীত উৎপাদন হয়েছে। দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। কৃষিতে সফল বাংলাদেশ আজ বিশ্বে ধান উৎপাদনে চতুর্থ, আলু উৎপাদন এবং সবজি উৎপাদনে তৃতীয় স্থান অর্জন করেছে। গতকাল (২৫ জুলাই বুধবার) মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে জেলা প্রশাসক সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬)।

**৬। জনপ্রতিনিধি ও ডিসিদের মধ্যে দ্বন্দ্ব নেই : গণমাধ্যমকে এলজিআরডি মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (এলজিআরডি) মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, সরকারের উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে স্থানীয় জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের মধ্যে কোনো দ্বন্দ্ব নেই। মাঝে মধ্যে মতপার্থক্য দেখা দিলেও সেটি বড় কিছু নয়। তাই কাজে কোনো সমন্বয়হীনতা নেই। গতকাল (২৫ জুলাই বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত কার্যঅধিবেশন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫)।

**৭।	ভিআইপি ও মন্ত্রীদের প্রটোকল কমাতে জেলা প্রশাসকদের নির্দেশ দিলেন সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ভিআইপি ও মন্ত্রীদের প্রটোকল কমিয়ে কাজ করতে জেলা প্রশাসকদের প্রতি নির্দেশনা দিয়েছেন। গতকাল (২৫ জুলাই বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ কক্ষে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের দ্বিতীয় দিনের সপ্তম কার্যঅধিবেশন শেষে মন্ত্রী এ নির্দেশনা দেন। গতবারের দৃষ্টান্ত অনুসরণ করে ঈদ-উল-ফিতরের মতো মানুষ যাতে স্বস্তিতে বাড়ি যেতে পারে, আবার স্বস্তিতে কর্মস্থলে ফিরে আসতে পারে, সেজন্য যানজটের কারণগুলো দূরীকরণে ডিসিদের চেষ্টা অব্যাহত রাখতেও নির্দেশ দেন তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**৮।	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল হবে পাঁচ হাজার শয্যার : স্বাস্থ্যমন্ত্রী**

প্রয়োজনীয় সেবা দিতে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) ও হাসপাতালকে পাঁচ হাজার শয্যায় উন্নীত করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (২৫ জুলাই বুধবার) ঢামেক হাসপাতালে নতুন চারটি ইমার্জেন্সি অপারেশন থিয়েটার, সার্জিক্যাল এইচডিইউ এবং ট্রান্সফিউশন মেডিসিন বিভাগে উন্নত যন্ত্রপাতির উদ্বোধন অনুষ্ঠানে তিনি আরও বলেন, এ হাসপাতালে জরুরি অপারেশন বিনামূল্যে সম্পন্ন করাসহ অন্যসব অপারেশন নামমাত্র মূল্যে করার উদ্যোগ নিয়েছে সরকার। প্যাথলজিক্যাল পরীক্ষা এক শিফটের পরিবর্তে দুই শিফটে এবং জরুরি পরীক্ষাগুলো সার্বক্ষণিক সম্পন্ন করার ব্যবস্থা নেওয়া হবে। জরুরি বিভাগের সেবার মান আরও বাড়ানোর নির্দেশ দিয়ে মন্ত্রী বলেন, শুধু আধুনিক অবকাঠামো হলেই হবে না, সেবার মান বাড়াতে হবে এবং সেটাই গুরুত্বপূর্ণ। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.৫)।

**৯।	পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রীর বৈঠক**
**রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখার আহ্বান**

রোহিঙ্গা সংকটে বাংলাদেশের পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী এবং যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী জন জে সুলিভানের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে এ প্রতিশ্রুতি দেন সুলিভান। গতকাল (২৫ জুলাই বুধবার) ওয়াশিংটন ডিসিতে স্টেট ডিপার্টমেন্টে এ বৈঠক অনুষ্ঠিত হয়। এসময় রোহিঙ্গাদের বিষয়ে বাংলাদেশের ভূমিকার প্রশংসা করেন যুক্তরাষ্ট্রের উপপররাষ্ট্রমন্ত্রী। পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী রোহিঙ্গাদের নিরাপদে ফিরিয়ে নিতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখতে যুক্তরাষ্ট্রের সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১০।	প্রবাসীদের বৈধপথে রেমিট্যান্স পাঠানোর আহ্বান প্রবাসীকল্যাণমন্ত্রীর**

প্রবাসী বাংলাদেশিদের বৈধপথে রেমিট্যান্স পাঠানোসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য হওয়ার আহ্বান জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। তিনি বলেন, প্রবাসী বাংলাদেশিরা তাঁদের কষ্টার্জিত রেমিট্যান্স দেশে প্রেরণ করছে। তাই দেশ আজ উন্নয়নশীল দেশের কাতারে শামিল হয়েছে। দেশের আর্থসামাজিক উন্নয়নে প্রবাসীরা যে অবদান রাখছে, তা দেশের জনগণ হৃদয় দিয়ে মনে রাখবে। একইসঙ্গে অচিরেই জুরিখে কনস্যুলেট সেবা প্রদান করা হবে বলে জানান তিনি। সম্প্রতি সুইজারল্যান্ডের জুরিখের একটি কমিউনিটি হলে সুইজারল্যান্ড আওয়ামী লীগের আয়োজনে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৫)।

**১১।	দেশে পঞ্চম প্রজন্মের (ফাইভ জি) মোবাইল ফোন সেবা চালু করা হবে**
**প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা**

দেশে পঞ্চম প্রজন্মের (ফাইভ জি) মোবাইল ফোন সেবা চালু করার প্রতিশ্রুতি দিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। গতকাল (২৫ জুলাই বুধবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে 'বাংলাদেশ ফাইভ জি সামিট' নামে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মোবাইল অপারেটর রবি'র সহায়তায় এ অনুষ্ঠানে বাংলাদেশে প্রথমবারের মত ফাইভ জি প্রযুক্তি প্রদর্শন করে হুয়াওয়ে। সজীব ওয়াজেদ জয় এ প্রদর্শনীর উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

**১২।	বড়পুকুরিয়া কয়লাখনির বিষয়ে পেট্রোবাংলার প্রতিবেদন নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বিদ্যুৎ প্রতিমন্ত্রীর বৈঠক**

বড়পুকুরিয়া কয়লাখনি দুর্নীতির প্রতিবেদন নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (২৫ জুলাই বুধবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এ

বৈঠকে বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। তদন্ত প্রতিবেদন হাতে পাওয়ার পর প্রতিমন্ত্রী সাংবাদিকদের বলেন, বড়পুকুরিয়া খনির কয়লা খোয়া যাওয়ার ঘটনায় দায়ীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, যুগান্তর, নিউজ টুডে, ডেইলি সান :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস, চাঁদাবাজি, টেন্ডারবাজি, পেশিশক্তি ও মাদক নির্মূলে কঠোর ব্যবস্থা নিতে জেলা প্রশাসকদের যে নির্দেশনা দিয়েছেন, তা যথাযথভাবে বাস্তবায়িত হলে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** সড়ক দুর্ঘটনায় প্রতিদিন গড়ে ২৪ জনের মৃত্যু হচ্ছে-বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির দেওয়া তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে সড়কপথে শৃঙ্খলা ফিরিয়ে আনার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** সারাদেশের হাজার হাজার কিলোমিটার সড়কের বেহাল দশার কথা উল্লেখ করে এর জন্য দায়ী কারণগুলো অবিলম্বে খুঁজে বের করে সড়ক সংস্কারের দাবি।

ঘ. **যায়যায়দিন, সংবাদ :** মাত্র ৫৪ মিলিমিটার বৃষ্টিতেই পানির নিচে তলিয়ে যায় ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এলাকা উল্লেখ করে জলাবদ্ধতা নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও তার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ভোরের কাগজ, যুগান্তর :** প্রবল বর্ষণে পাহাড় ধসে কক্সবাজারে চার ভাইবোনসহ ৫ জনের মৃত্যুর খবরে উদ্বেগ প্রকাশ করে পাহাড়ের পাদদেশে ঝুঁকিপূর্ণভাবে বসবাসকারীদের উচ্ছেদ ও পুনর্বাসনে সংশ্লিষ্টদের এগিয়ে আসার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** আবহাওয়ার বিরূপ প্রভাব মোকাবিলায় প্রয়োজনীয় বনায়নের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান।

ছ. **ডেইলি সান :** শিক্ষার্থীদের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৭' প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শিক্ষার ব্যয় খরচ নয়, বিনিয়োগ বলে যে অভিমত প্রকাশ করেছেন তা যথার্থ বলে উল্লেখ করে আজকের শিক্ষার্থীরা দেশকে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তুলবে বলে প্রত্যাশা ব্যক্ত।

জ. **ডেইলি স্টার, নিউ এজ, প্রথম আলো, সমকাল, বণিক বার্তা :** দেশের সব প্রাইভেট ক্লিনিক, হাসপাতাল ও ডায়াগনোস্টিক সেন্টারগুলোতে জনস্বার্থে প্রকাশ্যে সেবার মূল্যতালিকা প্রদর্শনের ব্যাপারে হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রয়োগের সুপারিশ।

ঝ. **অবজারভার :** দেশের হাওর ও উপকূলীয় অঞ্চলের জনগোষ্ঠীর অপুষ্টি দূরীকরণে স্থানীয় প্রশাসন ও বিভিন্ন উন্নয়ন সংস্থাকে ব্যাপক জনসচেতনতামূলক প্রচারণার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**বণিকবার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দরিদ্র ও মধ্যবিত্তের কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারী ও কিশোরীদের স্বাস্থ্যসেবা এবং দক্ষতা নিশ্চিত প্রয়োজন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আজ যারা কিশোরী কাল তারা মা এবং নারী। তাঁদের ক্ষমতায়ন মানে দেশের জনগোষ্ঠীর বৃহত্তর অংশের উন্নয়ন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা